

# দেশে চতুর্থ স্থানে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ

নিজস্ব প্রতিবেদক

১৪ মে ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



ওয়ার্ল্ড ইউনিভার্সিটি র‍্যাংকিংস ফর ইনোভেশন (ডব্লিউইউআরআই) গ্লোবাল র‍্যাংকিংস ২০২৬-এ দেশের শীর্ষ বিশ্ববিদ্যালয়গুলোর তালিকায় স্থান পেয়েছে ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ। দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে চতুর্থ স্থান অর্জন করেছে এ বিশ্ববিদ্যালয়। আর বিশ্বের শীর্ষ ৫০০ উদ্ভাবনী বিশ্ববিদ্যালয়ের তালিকায় ডব্লিউইউবি অর্জন করেছে ১৩৩তম স্থান। ৬ থেকে ৮ মে তাইওয়ানের নানতোউতে ন্যাশনাল চি নান ইউনিভার্সিটি আয়োজিত ‘হ্যানসিয়াটিক লীগ অব ইউনিভার্সিটিজের (এইচএলইউ) ষষ্ঠ বার্ষিক সম্মেলন ও ডব্লিউইউআরআই ২০২৬ পুরস্কার প্রদান’ অনুষ্ঠানে ডব্লিউইউআরআই-এর প্রেসিডেন্ট কিউং-সুং কিম এ ঘোষণা দেন। ২০০৩ সালে প্রতিষ্ঠিত ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশ দেশের একটি বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান। বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) অনুমোদিত বিশ্ববিদ্যালয়টি ২০১০ সালের প্রাইভেট বিশ্ববিদ্যালয় আইনের আওতায় গঠিত ট্রাস্টি বোর্ড দ্বারা অলাভজনক প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হয়ে আসছে।

ডব্লিউইউআরআই র‍্যাংকিংয়ে বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা, গবেষণা, উদ্যোক্তা উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতায় উদ্ভাবনী কার্যক্রমকে গুরুত্ব দেওয়া হয়। বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ডব্লিউইউবি বেশ কয়েকটি সুপ্রতিষ্ঠিত প্রতিষ্ঠানকে পেছনে ফেলে উদ্ভাবন ও ব্যবহারিক শিক্ষায় দেশের অন্যতম শীর্ষ বিশ্ববিদ্যালয় হিসেবে স্বীকৃতি পেয়েছে।